# সরকার কিভাবে অনুদানের উপর কড়া নজরদারী রাখছে?

৯/১১ ঘটনার পরবর্তী সময়ে যারা কোনো ব্যাক্তি বা দলকে বস্তুগত বা অর্থনৈতিক সাহায্য দিয়েছে, সরকার তাদেরকে কঠোর ভাবে তল্লাসী করেছে এবং সন্ত্রাসবাদকে সাহায্য করার অভিযোগ এনে শাস্তি দিয়েছে।

## বস্তুগত সাহায্য কি?

* বস্তুগত সাহায্য একটি বড় ব্যপার, নানা কর্মকান্ডই যার অওতার মধ্যে পরে।

* যেসব দল বা ব্যাক্তিকে যুকক্তরাষ্ট্র সরকার সন্ত্রাসী বলে আক্ষায়িত করেছে তাদের যদি নিম্নোক্ত ভাবে সাহায্য করা হয়, তবে তা বস্তুগত সাহায্য হিসেবে বিবেচনা করা হবে: অর্থ, অর্থনৈতিক আদান প্রদানে সহযোগিতা, আবাসন, প্রশিক্ষন, পরামর্শ বা সাহায্য; জাল কাগজ-পত্র অথবা পরিচয় পত্র; যোগাযোগ সরঞ্জাম, সুযোগ-সুবিধা, অস্ত্র, প্রাণ নাশক, বিস্কোরক; লোকবল; যানবাহন এবং অন্য চাক্ষুস সম্পদ। কেবল ঔষধ এবং ধর্মীয় ব্যপারে কিছু ব্যাক্রিম আছে।

## সরকার কি যেকোন কাউকে সন্ত্রাসী বলে আক্ষায়িত করতে পারে?

* যুক্তরাষ্ট্র সরকারের যেকোন ব্যাক্তি বা সংগঠনকে সন্ত্রাসী আক্ষা দেবার ক্ষমতা দেশের আদালতে বিভিন্ন মামলার বৈধতা বিচারের অপেক্ষায় আছে।

* কেউ কেউ প্রশ্ন তুলছেন যে সরকার তার আক্ষা দানের ক্ষমতা এবং বস্তুগত সাহায্য আইনের অপব্যাবহার করছে। এক্ষেত্রে তার দাবি করেন যে বস্তুগত সাহায্য আইন অতিরি ব্যাপক।

# আমার দানদক্ষিনা কাজের ফলে অভিবাসনে কি সমস্যা হতে পারে?

যদি কেউ সন্ত্রাসী সংগঠন (চিহ্নিত বা চিহ্নিত নয়), সন্ত্রাসী কার্যকলাপ, অথবা এমন কোনো ব্যাক্তি যে সন্ত্রাসী বা সন্ত্রাসী পরিকল্পনার সাথে জড়িত জেনে বা জানা উচিৎ ছিল সে সংগঠন সম্পর্কে অবগত থাকে বা আবগত থাকা উচিৎ ছিল।
তাদের বস্তুগত সাহায্য করার অপরাধে সরকার যুক্তরাষ্ট্রে প্রবেশাধিকার বাতিল করতে পারে, অথবা অনাগরিকদের বহিস্কার করতে পারে।

# আমি দান দক্ষিনা করতে চাইলে নিজেকে কি করে রক্ষা করবো?

বর্তমান দানদক্ষিনাই শুধু নয়, অতিতের দান দক্ষিনাও শুক্ষভাবে পর্যবেক্ষন করা হয়। যেসব সংগঠন দান দক্ষিনা দেবার আগে পর্যন্ত সন্ত্রাসী বলে চিহ্নিত ছিল না, সেসব সংগঠনে যারা দান করেছে তাদেরও শাস্তি দেয়া হয়েছে। তাই অত্যন্ত সতর্কতার সাথে বিচার করেই দান করা উচিত।

## দান করার উপযুক্ত সংগঠন কিভাবে নির্বাচন করবো?

একটি নিবন্ধভুক্ত (রেজিস্টার্ড) সংগঠন বেছে নিন

যেহেতু একটি সংগঠন 501(C) (3) মর্যাদা পেতে IRS-এর দীর্ঘ প্রক্রিয়ার ভিতর দিয়ে যেতে হয়, যুক্তরাষ্ট্রে IRS-এর 501(C) (3) মর্যাদা লাভ করা সংগঠননে দান করা অপেক্ষাক্রত ভাবে নিরাপদ।

* বেশীর ভাগ মসজিদের 501(C) (3) মর্যাদা থাকে।

* সংগঠনটি আমেরিকার নিবন্ধি ভুক্ত 501(C) (3) মর্যাদা সম্পন্ন কি না জানতে হলে:
○ সংগঠনকে জিজ্ঞাসা করুন
○ সংগঠনের ওয়েবসাইট পরিদর্শন করুন

* নিম্নোক্ত ওয়েব সাইটে খুঁজে দেখুন http:/www.irs.gov/charities/article/0,,id=96136,00html. IRS-এর স্বীকৃত দাতব্য সংগঠন কিনা। অন্যান্য তথ্য সহ IRS-এর স্বীকৃতি প্রাপ্ত সংগঠনের তালিকার জন্য http:/www.guidestar.org

* সংগঠনটি যদি যুক্তরাষ্ট্রে অলাভজনক সংগঠন হিসেবে নিবন্ধিভুক্ত না হয়, তবে যে দেশে সংগঠনটি কাজ করে সে দেশে অলাভজনক সংগঠন হিসেবে নিবন্ধিভুক্ত কি না।

### সরকার প্রনিত সন্ত্রাসী সংগঠনের তালিকা দেখুন

* যে সংগঠনে দান করছেন সে সংগঠন বা তার সঙ্গে যুক্ত কেউ, বা উপঠিকাদার কেউ, বিদেশী সন্ত্রাসী সংগঠন হিসেবে তালিকাভুক্ত কি না, বা আইন প্রয়োগকারী সংস্থার সক্রিয় তদন্তে রয়েছে কি না, তা জেনে নেয়া খুবই গুরুত্বপূর্ণ।

* প্রথমিক ভাবে যে তালিকা দেখতে হবে তাকে বলা হয় Specially Designated Nationals list. সরকার যেসব সংগঠনকে বিদেশী সন্ত্রাসী সংগঠন (Foreign Terrorist Organization) বলে চিহ্নিত করেছে তাদের নামও এই তালিকায় অন্তর্ভূক্ত আছে। তালিকাটি নিম্নোক্ত ওয়েব সাইটে পাবেন: http://www.treasury.gov/ofac/downloads/sdnlist.txt

### সংগঠন সম্পর্কে ভালো ভাবে অনুসন্ধান করে দেখুন

* সংগঠনের কার্যক্রম সম্পর্কে জানুন এবং নিজে বিবেচনা করুন। সংগঠনের চর্চা ও কর্মকান্ড সম্পর্কে জানতে, সংগঠনের বাৎসরিক রিপোর্ট IRS form 990, আয়-ব্যায়ের হিসাব (Financial Statements), এবং আয়-ব্যায়ের নিরীক্ষা (Audit Reports) পরীক্ষা করে দেখুন, সংগঠনগুলো সাধারনত এসব তথ্য তাদের ওয়েবসাইটে রাখে। আপনার যদি কোনো প্রশ্ন থাকে, তবে সংগঠনকে সরাসরী ফোন অথবা ই-মেইল করতে পারেন।

* আপনি যদি এদেশের বাইরের কোনো সংগঠনকে দান করতে চান তবে অবশ্যই অতিরিক্ত সাবধানতা অবলম্বন করতে হবে: ক্ষতিয়ে দেখুন সংগঠনটি এমন কোনো কর্মকান্ডে জড়িত কিনা যা

পরীক্ষা করে দেখুন
যুক্তরাষ্ট্র সরকারের কাছে সন্ত্রাসী কার্যকলাপ বলে বিবেচিত হবে। সংগঠনের ওয়েব সাইট পরিদর্শন করুন, সংগঠনের সঙ্গে যোগাযোগ করুন, অথবা এ সংগঠন সম্পর্কে যেসব কাগজপত্র সর্বসাধারনের জন্য বিলি করা হয়, সেসব পড়ে দেখুন।

* এই প্রক্রিয়ার কোনো কাজের জন্য আপনার যদি কোনো সাহায্য বা পরামর্শ দরকার হয় তবে CLEAR -এর সঙ্গে যোগাযোগ করুন। CLEAR এই মর্মে চিঠি দিতে পারে যে, আপনি যথাযথ পরামর্শদাতার সঙ্গে পরামর্শ করেছেন এবং নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করেছেন।

## আমি যখন সিদ্ধান্ত নেবো কোথায় দান করবো, আমার কি কি বাড়তি সাবধানতা অবলম্বন করতে হবে?

* আপনি যখন অনুদান দেয়ার সিদ্ধান্ত নেবেন, আপনার উদ্দেশ্য যেন হয় কোনো মানবিক কর্মকান্ডে সাহায্য করা এবং তার লিখিত প্রমান রেখে দিন। যেমন:
০ চেকের মেমো লাইনে লিখে রাখুন কোনো দূর্যোগের জন্য সাহায্য করছেন কিনা।

* নিম্নোক্ত বিষয় গুলির প্রমান অন্তত ছয় বছর রেখে দেবেন:

০ চেক, ব্যাংক স্টেটমেন্ট অথবা আপনার দানের অন্যান্য লিখিত প্রমান।
০ যে সাহায্য সংস্থায় দান করছেন, সেই সংগঠনের লিখিত কোনো প্রমান, যাতে তাদের কার্যক্রম বা প্রকল্পের উল্লেখ আছে।
০ যে সংগঠনে দান করছেন তাদের পক্ষ থেকে দানের রশিদ অথবা স্বীকৃতি পত্র।

## বিদেশে ওয়্যার ট্রান্সফারের ব্যাপারে নিয়ম কি?

* অন্য দেশে ওয়্যার ট্রান্সফার করলে আরো বাড়তি তদন্ত হতে পারে। আপনাকে অবশ্যই দেখতে হবে গ্রাহক ব্যাংক অনুমোদন (Sanctions) তালিকার অন্তর্ভুক্ত কিনা। নিম্নোল্লেখিত ওয়েবসাইটে গিয়ে অনুমোদন (Sanctions) তালিকা দেখুন। http:/www.treasury.gov/resourcecenter/terorist-illicit-finance/pages/protectingfto.aspx

* যদি কোনো সরকারী প্রতিনিধি আপনার দান সম্পর্কে আপনার কাছে কিছু জানার জন্য যোগাযোগ করে, বিনয়ের সঙ্গে এবং ধিরস্থির ভাবে বলুন, 'আপনার সঙ্গে কিভাবে যোগাযোগ করা যাবে দয়া করে বলবেন কি? আমার আইনজীবি আপনার সঙ্গে যোগাযোগ করবে'। অন্য কোনো প্রশ্নের জবাব দেবেন না। যথাশিঘ্র সম্ভব CLEAR -এর সঙ্গে যোগাযোগ করুন।

## আইনগত সাহায্যের জন্য আমাদের সঙ্গে যোগাযোগ করুন

যদি আইনগত সাহায্য, পরামর্শ বা সুপারিশ প্রয়োজন হয়, CLEAR -এর সঙ্গে যোগাযোগ করুন। আমরা আইন প্রয়োগকারী সংস্থার লোকের প্রশ্ন বা তদন্তের ব্যাপারে এবং গ্র্যান্ড জুরি সাবপিনা মামলা, দানদক্ষিনা, ভ্রমন সহ অনেক বিষয়ে ব্যাক্তি বিশেষের প্রতিনিধিত্ব করি, এবং পরামর্শ দিয়ে থাকি। আমরা বিনা পারিশ্রমিকে কাজ করে থাকি।

### সচেতনতা বৃদ্ধি করুন

এ প্রসঙ্গে আপনার মসজিদ বা কমিউনিটি সেন্টারে CLEAR-এর সহযোগিতায় বিনা খরচে 'আপনার অধিকার জেনে নিন' শিরোনামের কর্মশালা আয়োজন করুন।

# আপনার অধিকার জেনে নিন

## নিঃশর্ত দান

৯/১১ পরবর্তী সময়ে মার্কিন যুক্তরাষ্ট্র সরকারের নজরদারী এবং আইনী কড়াকড়ি মুসলমান, আরব, ও দক্ষিন এশিয় সমাজের দান দক্ষিনা কে প্রভাবিত করেছে। দান অনুদান করতে থাকাটা জরুরী। কেমন করে আইনসম্মত ভাবে দান করা যায়, সে ব্যাপারে এই পুস্তিকা আপনাকে তথ্য দেবে।

CLEAR
CREATING LAW ENFORCEMENT ACCOUNTABILITY & RESPONSIBILITY

**CLEAR SERVICES ARE PROVIDED FREE OF CHARGE.**
For more information, or to request support:

(718) 340-4558 | cunyclear@law.cuny.edu
www. cunyclear.org

CUNY SCHOOL OF LAW
MAIN STREET LEGAL SERVICES

Bangla - Charity